



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
www.rbi.org.in

আরবিআই/২০১২-১৩/৪৯৩

ডিপিএসএস.সিও.সিএইচডি.নং.২০৩০/০৩.০৬.০১/২০১২-১৩

মে ৭, ২০১৩

অধ্যক্ষ এবং পরিচালন অধিকর্তা / মুখ্য নির্বাহী আধিকারিক
আরআরবিসহ সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ / লোকাল এরিয়া ব্যাঙ্ক
শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক / রাজ্য সমবায় ব্যাঙ্ক
জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক

মহাশয়া / প্রিয় মহাশয়,

প্রায়োগিক কারণবশত ফেরত চেকসমূহের পুনরায় উপস্থিত করায় বিলম্ব এবং এই ধরনের ফেরতের ক্ষেত্রে মাসুল ধার্য করা

আপনারা অবগত আছেন যে ব্যাঙ্কগুলির নিকট আশা করা হয়ে থাকে যে তারা তাদের স্থানীয় / বাইরের চেক আদায় করার সময়সীমা তাদের চেক সংগ্রহ নীতির (সিসিপি)মাধ্যমে এবং চেক ফেরত হলে তার জন্য ধার্য মাসুল যথাক্রমে নভেম্বর ২৪, ২০০৮ তারিখের আরবিআই সার্কুলার নং ডিপিএসএস.সিও.(সিএইচডি.)নং.৮৭৩/০৩.০৯.০১/২০০৮-০৯ এবং ফেব্রুয়ারি ২, ২০০৭ তারিখের সার্কুলার ডিবিওডি.নং.ডি.বি.সি.৫৬/১৩.০৩.০০/২০০৬-২০০৭-এ বর্ণিত উপায়ে প্রকাশ্যে জানাবে এবং গ্রাহকদের আগে থেকেই বিজ্ঞপ্তির মাধ্যমে জানাবে।

২. যদিও সম্ভ্রতি আমাদের নজরে এসেছে যে ব্যাঙ্কগুলি (১) চেক ফেরত হওয়ার জন্য যে ক্ষেত্রে গ্রাহকের তরফে কোন ত্রুটি হয়নি সে ক্ষেত্রেও গ্রাহকদের ওপর মাসুল ধার্য করছে এবং (২) প্রদানকারী ব্যাঙ্ক কর্তৃক প্রায়োগিক কারণবশত ফেরত চেক পুনরায় প্রস্তুত করতে বিলম্ব করছে। উভয় ঘটনার ফলস্বরূপ গ্রাহক পরিষেবা সন্তোষজনক হতে পারছে না।

৩. এই কারণে সমস্ত ব্যাঙ্কগুলি কর্তৃক অনুসৃত পদ্ধতিসমূহকে এক ধারায় নিয়ে আসা প্রয়োজন। তদনুসারে ব্যাঙ্কগুলিকে নিম্নলিখিত নির্দেশগুলি অবিলম্বে পালন করার জন্য বলা হচ্ছে।

১. চেক ফেরতের জন্য শুধু মাত্র সেই ক্ষেত্রেই মাসুল ধার্য করা হবে যে ক্ষেত্রে গ্রাহক ফেরতের জন্য দায়ী বা দোষী। সম্পূর্ণ না হলেও দৃষ্টান্তমূলকভাবে **সংযোজনীতে** যে সমস্ত ক্ষেত্রে গ্রাহক দোষী নয় সেই ধরনের ফেরতের একটি তালিকা দেওয়া হয়েছে।

২. গ্রহীতার সাহায্য অবলম্বন করার যে ক্ষেত্রে কোন প্রশ্ন নেই সেই ক্ষেত্রে চেক অবিলম্বে পরের চেক উপস্থাপন নিকাশীতে যা ২৪ ঘন্টার অধিক হওয়া উচিত নয়(ছুটির দিন বাদ দিয়ে) উপস্থাপন করতে হবে, - গ্রাহককে এসএমএস, ইমেল ইত্যাদি মাধ্যমে যথাপূর্বে বিজ্ঞপ্তি দিয়ে।

৪. ব্যাঙ্কগুলিকে তদনুসারে তাদের চেক সংগ্রহ নীতি (সিসিপি) নতুন করে তৈরি করতে বলা হচ্ছে যার মধ্যে উপরোক্ত অনুচ্ছেদ ৩(১) এবং ৩(২)-এ বর্ণিত পদ্ধতি অন্তর্ভুক্ত থাকবে এবং এই সংশোধিত সিসিপি প্রচারে আনতে হবে উন্নততর গ্রাহক পরিষেবা দেওয়ার জন্য এবং মানুষকে এই তথ্য জানানোর জন্য।

৫. উপরোক্ত নির্দেশ অর্থপ্রদান এবং নিষ্পত্তি প্রণালী আইন, ২০০৭ (২০০৭-এর আইন ৫১)এর অনুভাগ ১৮-এর অধীনে জারি করা হয়েছে।

৬. অনুগ্রহ করে প্রাপ্তিস্বীকার করবেন এবং এর পালন সুনিশ্চিত করবেন।

আপনার বিশ্বস্ত

(বিজয় চুঘ)

মুখ্য মহাপ্রবন্ধক

যে ক্ষেত্রে গ্রাহকের দোষ নয়, সেই ক্ষেত্রে বিভিন্ন আশুতির দৃষ্টান্তযুক্ত কিন্তু অ-সম্পূর্ণ তালিকা

(ব্যাক্স পরিচালকদের নিকাশ কেন্দ্রগুলির অভিন্ন নিয়মাবলি ও বিধি-র সংযোজনী ঘ-এ প্রদত্ত বিশদ অনুযায়ী লেখ্য এবং প্রতিচ্ছবি-ভিত্তিক চেক নিকাশীর জন্য প্রযোজ্য)

কোড নং	ফেরতের কারণ
৩৩.	লেখ্য খণ্ডিত; ব্যাক্স গ্যারান্টি প্রয়োজন
৩৫.	নিকাশী কেন্দ্রের সিলমোহর/তারিখ প্রয়োজন
৩৬.	ভুল করে দেওয়া হয়েছে/ আমাদের উপর আহত নয়
৩৭.	সঠিক ক্ষেত্রে উপস্থাপন করতে হবে
৩৮.	লেখ্যে অপ্রাসঙ্গিক বিষয়ের উল্লেখ রয়েছে
৩৯.	প্রতিচ্ছবি পরিস্কার নয়; দস্তাবেজসহ আবার উপস্থাপন করুন
৪০.	নথিসহ উপস্থাপন করুন
৪১.	বিষয়টি দুবার উল্লেখিত হয়েছে
৪২.	দস্তাবেজ প্রাপ্ত হয়নি
৬০.	দুটি ব্যাক্স রেখিত করা হয়েছে
৬১.	রেখাঙ্কনের সিলমোহর বাতিল করা হয়নি
৬২.	নিকাশী সিলমোহর বাতিল করা হয়নি
৬৩.	লেখ্যটি বিশেষভাবে অন্য একটি ব্যাক্সের উদ্দেশে রেখিত করা
৬৭.	প্রাপ্তার সহ অনিয়মিত/আদায়কারী ব্যাক্সের স্বীকৃতি চাই
৬৮.	ছাপ সহ/বৃদ্ধাদুষ্টির ছাপ জেলাপ্রশাসক কর্তৃক সিলমোহরসহ প্রত্যয়িত হওয়া চাই
৭০.	নির্দেশবাহী পত্র প্রাপ্ত হয়নি
৭১.	নির্দেশবাহী পত্রে পরিমাণ/নাম ভিন্ন
৭৩.	প্রাপ্তার ব্যাক্সকে আলাদা করে স্বাক্ষর দেওয়া প্রয়োজন
৭৪.	পরের মাস পর্যন্ত প্রদেয় নয়
৭৫.	প্রদান-আদেশে অতিরিক্ত স্বাক্ষর প্রয়োজন
৭৬.	প্রয়োজনীয় তথ্য সহজপাঠ্য/সঠিক নয়
৮০.	ব্যাক্সের শংসাপত্র অস্পষ্ট/অসম্পূর্ণ/প্রয়োজন
৮১.	জারি করা অফিস কর্তৃক ড্রাফটহারান;জারি করা অফিসের স্বীকৃতি প্রয়োজন
৮২.	ব্যাক্স/শাখা অবরুদ্ধ
৮৩.	ডিজিটাল শংসাপত্র বৈধকরণ বিফলতা
৮৪.	অন্যান্য কারণ – যোগাযোগ বিফলতা
৮৭.	'প্রাপ্তার একাউন্ট ক্রেডিট হয়েছে' সিলমোহর প্রয়োজন
৯২.	ব্যাক্সটিকে বাদ দেওয়া হয়েছে